# ভোটার গাইড

1989 সাল থেকে সিটি নির্বাচনগুলোর জন্য আপনার নির্দলীয় গাইড

## আপনার পছন্দের সিটির জন্য ভোট দিন





আপনার অধিকার জানুন
পৃষ্ঠা 2

কীভাবে ভোট দিবেন
পৃষ্ঠা 4

ব্যালটের প্রস্তাবগুলি
পৃষ্ঠা 7


nyc votes


NEW YORK CITY CAMPAIGN FINANCE BOARD


কাউন্সিল ডিসট্রিক্টঃ
এসেম্বলি ডিসট্রিক্টঃ
নির্বাচনের ডিসট্রিক্টঃ
ভোট কেন্দ্রঃ


ইংরিজি প্রচ্ছদে >

# আপনার 2018 NYC ভোটার গাইড-এ
# স্বাগতম

নির্বাচনে ভোটদান আপনার দৈনন্দিন জীবনে বাস্তব প্রভাব রাখে। এবছর, আমরা অ্যালবেনি এবং ওয়াশিংটন ডি.সি-তে আমাদের নির্বাচিত নেতাদেরকে বেছে নিব, আর উপরুক্ত আমাদের সিটি সরকার ব্যালটের প্রস্তাবনাগুলোতে ভোট কিভাবে পরিচালনা করবে তা নির্ধারণ করব।

ভোটদানের মাধ্যমে, আপনি আপনার কমিউনিটির জন্য উত্তম ভবিষ্যত নির্মাণের একজন অংশীদার হতে পারেন। আপনি এই নভেম্বরে ভোটদানের সময় যখন নির্বাচন কেন্দ্রে যাবেন তখন এই ভোটার গাইডটি আপনার সাথে রাখুন, যাতে সঠিক প্রার্থী বাছাই করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য পেতে পারেন। এই মুদ্রিত গাইডটিতে যা ব্যালটের প্রস্তাবনাগুলো দ্বারা সিটি সরকারের পরিচালনা নির্ধারণ করবে সেই সম্পর্কে তথ্যাবলী রয়েছে এবং ভোটদান সম্পর্কে তথ্যাবলী রয়েছে।

প্রার্থীদের সম্পর্কে জানতে এবং ব্যালটের প্রস্তাবনাগুলোর পক্ষে ও বিপক্ষে যুক্তি পড়তে **voting.nyc** আমাদের অনলাইন গাইড দেখুন।

## কাগজবিহীন থাকুন!

আপনার ভোটার গাইড অনলাইনে পড়তে চান? মুদ্রিত গাইড প্রাপ্তি বর্জন করতে এবং অনলাইন ভোটার গাইডের ভবিষ্যত সংস্করণগুলো লাইভ হওয়া মাত্র প্রজ্ঞাপন পেতে **nyccfb.info/gopaperless**-এ সাইন আপ করুন।

# একজন ভোটার হিসাবে
## আপনার অধিকার জানুন

**আপনি 6 নভেম্বর 2018 তারিখের সাধারণ নির্বাচনে ভোট দেওয়ার অধিকার রাখেন যদি:**

- আপনি একজন নিবন্ধিত ভোটার হয়ে থাকেন (আপনি নিবন্ধিত হয়েছেন কিনা নিশ্চিত নন? **voting.nyc** - এ যাচাই করুন)।
- আপনি কমপক্ষে 18 বছর বয়সী এবং একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হয়ে থাকেন।
- আপনি বর্তমানে কোন গুরুতর অপরাধে কারাবন্দী বা জামিনে মুক্ত এমন কেউ না হয়ে থাকেন।
- আপনি 6 নভেম্বর তারিখে আপনার ভোট প্রদানের স্থানে সন্ধ্যে 9:00 টা মধ্যে লাইনে উপস্থিত থাকেন (ভোট প্রদানের স্থানগুলো সকাল 6:00 টা থেকে খোলা থাকে)।

**আপনার ভোটদান কেন্দ্রে আপনি যদি প্রথমবারের মত ভোট দিতে যান তাহলে এই নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে পরিচয়পত্র প্রদর্শন করতে হতে পারে। অন্যথা, আপনাকে পরিচয়পত্র প্রদর্শন করতে হবে না।**

**যেকোনো নির্বাচনে, আপনার পক্ষে নিচের অধিকারগুলো রয়েছে:**

- নির্বাচন সংশ্লিষ্ট কোনো ব্যক্তি অথবা আপনার পছন্দের কোনো ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) নিকট সাহায্য চাওয়া। আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে ভোটারদেরকে সহায়তা করার জন্য নির্বাচিত স্থানগুলোতে BOE দোভাষীদেরকে পাবেন। কোন কোন ভোটদান কেন্দ্রে কোন কোন ভাষার জন্য দোভাষী রয়েছে তা সহ বিস্তারিত তথ্যের জন্য 866-VOTE-NYC-এ কল করুন।
- এই ভোটার গাইড সহ অন্যান্য উপকরণ আপনার সাথে রাখুন (ভোট প্রদান শেষে দয়া করে সকল উপকরণ সঙ্গে করে নিয়ে যান)।
- ভোটিং মেশিন নষ্ট থাকলেও ভোট দিন।
- আপনার নির্বাচনী এলাকার ভোটার তালিকা থেকে যদি আপনার নামটি বাদ পড়ে যায় তাহলে হলফনামাযুক্ত ব্যালটের মাধ্যমে ভোট দিন।

## ভোটার গাইড সম্পর্কে


সিটি ভোটারদের পক্ষে নির্বাচনে অবগতিপূর্ণ পছন্দসমূহ বেছে নিতে আপনাকে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) কর্তৃক এই ভোটার গাইডটি প্রণীত হয়েছে। প্রতিটি নিয়মিত নির্ধারিত সিটি নির্বাচনের জন্য, সিএফবি (CFB) প্রত্যেক নিবন্ধিত সিটি ভোটারের জন্য একটি গাইড প্রণয়ন করে এবং মেইল করে থাকে- সমগ্র সিটিতে ইংরেজী ও স্প্যানিশ ভাষায় এবং সুনির্দিষ্ট এলাকায় চীনা, কোরিয়ান এবং বাংলা ভাষায়- এবং এই ভাষাগুলোতে একটি অনলাইন গাইডও প্রস্তুত করে।

এই ভোটার গাইডটি আইনি এবং প্রার্থী নির্দেশিকা ও নীতি ইউনিটের সহায়তায় ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড এর যোগাযোগ ইউনিট—ক্রিস্টাল চয় (Crystal Choy), জিনা চুং (Gina Chung), উইন্নি অং (Winnie Ng), জেনিফার সেপসো (Jennifer Sepso) এবং এলিজাবেথ এ. আপ (Elizabeth A. Upp) কর্তৃক প্রণীত।

নিউ ইয়র্ক সিটি 2018 সাধারণ নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড কর্তৃক © 2018 কপিরাইটকৃত। সর্বস্বত্ব সংরক্ষিত। BaselineGroupNY দ্বারা ডিজাইনকৃত মার্কিন যুক্তরাষ্ট্রে প্রস্তুতকৃত।

## কোথায় যেতে হবে তা জানুন

আপনার ভোটকেন্দ্র!




এই ভোটার গাইড এর মোড়কটি যাচাই করুন (ভোট দেওয়ার আগে **voting.nyc**-থেকে নিশ্চিত করুন)

অথবা

**voting.nyc**-তে খুঁজে দেখুন এবং "Where to Vote?" ক্লিক করুন

অথবা

866-VOTE-NYC নম্বরে নির্বাচন বোর্ডকে কল করুন

## একটি ভোটদান পরিকল্পনা তৈরি করুন

### আজ

নভেম্বর 6

ভোট প্রদানের জন্য একটি উপযুক্ত সময় নির্বাচন করুন। আপনার ক্যালেন্ডারে এটি যুক্ত করুন।

আপনার ভোটকেন্দ্রের অবস্থানটি নোট করুন (এই গাইডের প্রচ্ছদে রয়েছে)।

আপনার ব্যালটের প্রস্তাবনাগুলো ভালোভাবে পড়ুন। প্রার্থীর প্রোফাইলের জন্য, দেখুন **voting.nyc**।

আগে থেকেই তথ্যভিত্তিক সিদ্ধান্ত নিন।

### নির্বাচনের দিন

আপনার ভোটকেন্দ্রের অবস্থান নিশ্চিত করতে **voting.nyc** ভিজিট করুন অথবা 866-VOTE-NYC-এ কল করুন।

1|2|3

আপনার ব্যালট কীভাবে জমা করবেন তা ভালোভাবে পড়ুন (পৃষ্ঠা 4)।

নির্দেশনার জন্য এই ভোটার গাইডটি সঙ্গে আনুন।

**ভোট দিন!**

## নির্বাচনেরতারিখগুলি এবং
# সময়সীমা

**অক্টোবর 12**

- ভোট প্রদানের নিবন্ধনের জন্য শেষ দিন (ডাক যোগে এবং সশরীরে উপস্থিত হয়ে)
- আগামী বছরের নির্বাচনে ভোট প্রদানের জন্য আপনার রাজনৈতিক দল পরিবর্তন করার শেষ দিন (যদি আপনি ইতিমধ্যেই নিউইয়র্কে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়ে থাকেন)

**অক্টোবর 17**

- ঠিকানা পরিবর্তন এর জন্য আবেদন জমা দেওয়ার শেষ দিন

**অক্টোবর 30**

- অনুপস্থিত ব্যালটের আবেদন পোস্টমার্ক করার শেষ তারিখ

**নভেম্বর 5**

- অনুপস্থিতি ব্যালটের জন্য সশরীরে উপস্থিত হয়ে আবেদন করার শেষ দিন
- অনুপস্থিত ব্যালটের পোস্টমার্ক করার শেষ তারিখ (অবশ্যই 13ই নভেম্বরের মধ্যে সিটির BOE-তে পৌছাতে হবে

**নভেম্বর 6**

- নির্বাচনের দিন





VOTING.NYC-এ ভোটার গাইডটি দেখুন।

আপনার মতামত প্রকাশ করুন|
নভেম্বর ৬-তে ভোট দিন|

#NYCVOTES

nyc votes



# কীভাবে ভোট দিবেন

## 1 আপনার ব্যালট নিন

- আপনার বিধানসভা ডিস্ট্রিক্ট/নির্বাচনী ডিস্ট্রিক্ট এর সঠিক সারণীতে সাইন ইন করুন (এই নম্বরটি আপনার ভোটার গাইডের প্রচ্ছদে মুদ্রিত রয়েছে)।

## 2 আপনার ব্যালট এর উভয় দিক চিহ্নিত করুন

- প্রদত্ত কলমটি ব্যবহার করে আপনার পছন্দের ঠিক পাশের উপবৃত্তটি সম্পূর্ণভাবে ভরাট করার মাধ্যমে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।




- কোনো "x" বা "✓" ব্যবহার করবেন না, উপবৃত্তটি ভরাট করুন, অথবা কাটাকুটি চিহ্ন দিন।
- একজন রাইট-ইন প্রার্থীর জন্য, যথাযথ উপবৃত্তটি ভরাট করুন এবং প্রার্থীর নাম লিখুন।
- আপনার ব্যালটটি ভাঁজ করবেন না।
- আপনার নাম স্বাক্ষর করবেন না কিংবা লিখবেন না।

**আপনার পছন্দগুলি পূরণ করার জন্য যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, তাহলে ব্যালোট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করার জন্য একজন নির্বাচন কর্মীকে অনুরোধ করুন।**

## 3 আপনার ব্যালট স্ক্যান করুন

- আপনার চিহ্নিত ব্যালটটি স্ক্যানার এলাকাতে নিয়ে যান।
- স্ক্রিনের সংশ্লিষ্ট বোতামটি স্পর্শ করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- আপনার ভোট প্রদানের জন্য স্ক্যানারের মধ্যে আপনার চিহ্নিত ব্যালটটি স্থাপন করুন। স্ক্যানার যেকোন দিক দিয়ে ব্যালট গ্রহণ করে এবং উভয় পৃষ্ঠা পাঠ করে। আপনার ভোট প্রদান করা হয়ে গেলে স্ক্যানার আপনাকে প্রজ্ঞাপন পাঠাবে।

# ভোট দেয়ার জন্য আপনার কাজের থেকে ছুটি নেয়ার *অধিকার* রয়েছে।




**নির্বাচনের দিনটিতে আপনার কাজের সময়ের মধ্যে যদি ভোট দেয়ার জন্য যথেষ্ট সময় না থাকে,* নিউইয়র্ক ষ্টেটের আইনানুযায়ী আপনার ভোট দেওয়ার জন্য ছুটি নেয়ার অধিকার আছে।**

**আইন অনুসারে:**

- আপনার ভোট দেওয়ার জন্য ছুটির প্রয়োজন হলে আপনাকে অবশ্যই আপনার নিয়োগকর্তাকে নির্বাচনের দিনটির সর্বোচ্চ **10 দিন এবং কমপক্ষে 2 দিন আগে জানাতে হবে**।
- আপনার কাজের সময়ের শুরুতে বা শেষে, বেতন না কেটেই, আপনি **2 ঘন্টা** পর্যন্ত ছুটি নিতে পারবেন।
- আপনার নিয়োগকর্তা প্রতিটি নির্বাচনের **10 কার্যদিবসের পূর্বে এই** প্রয়োজনীয়তাগুলির বিষয়ে কর্মক্ষেত্রে একটি সুস্পষ্ট নোটিশ অবশ্যই প্রকাশ করবেন। নির্বাচনের দিন নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত এই নোটিশ অবশ্যই প্রকাশিত থাকবে।

এই আবশ্যিক আইন লঙ্ঘনকারী নিয়োগকর্তাদেরকে $100-$500 ডলার জরিমানা এবং/অথবা এক বছর পর্যন্ত (প্রথম অপরাধের জন্য) কারাগারদণ্ড হতে পারে। এছাড়াও কর্পোরেশনগুলি চার্টার জালিয়াতির সম্মুখীন হবে।

* পর্যাপ্ত সময় বলতে আইনের মতে ভোট চলাকালীন একটানা চার ঘন্টা কাজের সময় বন্ধ রাখা বোঝায় (নিউইয়র্কের পোলগুলি সকাল 6টা থেকে রাত্রি 9টা পর্যন্ত খোলা থাকে)।

এ বিষয়ে আরও জানতে elections.ny.gov এ গিয়ে দেখুন।

nyc votes

## ইতিবাচক পরিবর্তনের জন্য ভোট দিন

নির্বাচনে অংশগ্রহণ আমাদের দৈনন্দিন জীবনের উপর এবং আমরা যেসব বিষয়ে গুরুত্ব দিই সেসবের উপর বাস্তব প্রভাব ফেলে। আমরা অফিসে যেসব ব্যাক্তিকে নির্বাচিত করি তারাই সেই সিদ্ধান্তগুলো নিয়ে থাকেন যা প্রতিদিন আমাদের কমিউনিটি, স্কুল, চাকরি এবং জীবনমানকে প্রভাবিত করে।

এই নভেম্বরে এই ব্যালটের প্রার্থীদের সম্পর্কে আরও জানতে **voting.nyc**-এ যান।

### স্টেট এর কর্মকর্তাগণ

**গভর্নর** স্টেট এর প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে গভর্নর, বাজেট তৈরি ও আইনসভা থেকে প্রাপ্ত বিল স্বাক্ষর করা অথবা নাকচ করার মাধ্যমে নিউ ইয়র্ক সরকারের জন্য নীতিমালা নির্ধারণ করে থাকেন। গভর্নর কতিপয় সুনির্দিষ্ট অ-নির্বাচিত সরকারী কর্মকর্তাদেরকেও নিয়োগ প্রদান করে থাকেন এবং অপরাধের জন্য দোষী সাব্যস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য শাস্তি কমানো এবং ক্ষমা মঞ্জুর করতে পারেন।

**কম্পট্রোলার** স্টেট এর প্রধান রাজস্ব কর্মকর্তা হিসাবে, কম্পট্রোলার নিউ ইয়র্কের অর্থব্যবস্থা পরিবীক্ষণ করেন এবং হিসাব নিরীক্ষণ পরিচালনা করেন এবং স্টেট ও সিটির সংস্থাগুলো আইন মেনে চলছে কিনা তা নিশ্চিত করার জন্য প্রতিবেদন প্রদান করেন। কম্পট্রোলার নিউ ইয়র্ক স্টেট ও স্থানীয় অবসরগ্রহণ পদ্ধতিগুলো পরিচালনা করেন।

**অ্যাটর্নি জেনারেল** স্টেট এর প্রধান আইনি কর্মকর্তা হিসাবে, অ্যাটর্নি জেনারেল নিউ ইয়র্কের নাগরিক ও সংগঠনগুলোর অধিকার এবং প্রাকৃতিক সম্পদের সুরক্ষা প্রদান করেন এবং গভর্নরের আওতা থেকে স্বাধীনভাবে কর্মরত থেকে সরকার এর নির্বাহী শাখাকে পরামর্শ প্রদান করেন।

**স্টেট সিনেটরগণ ও পরিষদের সদস্যগণ** স্টেট এর বিধানসভা দুটি চেম্বার নিয়ে গঠিত- স্টেট সিনেট এবং স্টেট পরিষদ। স্টেট সিনেটর ও পরিষদের সদস্যগণ বিল প্রবর্তন ও পাস করতে পারেন। সিনেট এবং পরিষদ উভয়ের দ্বারা কোন বিল পাস হলে সেটিকে গভর্নরের কাছে প্রেরণ করা হয় যাতে সেটিতে ভেটো দেওয়া কিংবা আইনে পরিণত করার জন্য স্বাক্ষর করা যায়। উভয় চেম্বারে 2/3 সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিনেট এবং পরিষদ গভর্নরের ভেটোকে উচ্ছেদ করতে পারেন।

### ফেডারেল কর্মকর্তাগণ


মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস দুটি চেম্বার নিয়ে গঠিত - সিনেট এবং হাউস অফ রিপ্রেজেন্টেটিভস।

**মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর** প্রত্যেক স্টেট এর দু'জন করে সিনেটর রয়েছে যারা বিল প্রবর্তন ও বিল পাস করতে কাজ করে থাকেন। সিনেটরগণ চুক্তিসমূহ অনুমোদন এবং ক্যাবিনেট সদস্য, সুপ্রিম কোর্টের বিচারক ও অন্যান্য ফেডারেল বিচারকগণ সহ সরকারী নিয়োগসমূহ নিশ্চিত করার জন্যও দায়িত্বপ্রাপ্ত। সিনেট, নির্বাহী শাখায়, তদন্তসমূহের সূচনা করতে পারে এবং অভিসংশনের বিচারগুলো পরিচালনা করতে পারে।

**মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্বকারী** হাউস-এ প্রতিনিধিদের সংখ্যা আইন দ্বারা নির্ধারিত, যা 435 এর বেশি নয় এবং প্রতিটি স্টেট এর প্রতিনিধির সংখ্যা তার জনসংখ্যার সমানুপাতিক। হাউস সদস্যরা বিল প্রবর্তন এবং পাসও করতে পারেন। রাজস্ব সম্পর্কিত আইনকানুন হাউস থেকে শুরু করা আবশ্যক। হাউস, তদন্ত পরিচালনা এবং ফেডারেল কর্মকর্তাদেরকে অভিসংশিত করতে পারে।

# আমার নির্বাচিত কর্মকর্তারা
## কী করতে পারেন?

আপনার নির্বাচিত কর্মকর্তারা কীভাবে আপনার জীবনকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে আরও জানতে চান? কীভাবে আপনার সিটি, স্টেট ও ফেডারেল-এ নির্বাচিত প্রতিনিধিরা, আমরা যেসব বিষয়ে গুরুত্ব দিই যেমন, কাজ ও মজুরি, আবাসন, শিক্ষা, ফৌজদারি বিচার, ট্রানজিট এবং জনস্বাস্থ্য, সেগুলোকে প্রভাবিত করতে পারে - এ বিষয়ে আমাদের বিশেষজ্ঞদের ব্যাখ্যা জানতে ভিজিট করুন **nyccfb.info/elected-officials**




nyc votes

## আপনার ষ্টেট এবং ফেডেরাল প্রতিনিধিদের জন্য ভোট দেওয়া হয়ে গেলে,

# আপনার ব্যালটটি উল্টে দিন!

**চার্টার পুনর্বিবেচনা সম্পর্কিত প্রশ্নমালা আপনার ব্যালটের পিছনে রয়েছে।** প্রতিটি প্রশ্নের জন্য আপনার পছন্দ অনুসারে ডিম্বাকৃতি খোপটি সম্পূর্ণরূপে পূরণ করে ○ **হ্যাঁ** বা ○ **না** ভোট দিন।

NYC চার্টার পুনর্বিবেচনা

# ব্যালটের প্রস্তাবগুলি

এই বছরের প্রথম দিকে সিটির চার্টারটিতে পরিবর্তনগুলি বিবেচনা করতে মেয়র একটি চার্টার রিভিশন কমিশন (CRC) আহবান করেছেন। CRC আপনার মতো নিউইয়র্ক সিটির ভোটারদেরকে সিদ্ধান্ত নেয়ার জন্য ব্যালটের প্রশ্নগুলি জমা দিয়েছে। এই বিষয়গুলির সম্পর্কে মতামত সংগ্রহ করার জন্য CRC জনসভা ও গণশুনানির আয়োজন করেছে। এই সভাগুলির ট্রান্সক্রিপ্টগুলির পাশাপাশি চূড়ান্ত রিপোর্ট **nyc.gov/charter**–এ পাওয়া যাবে।

এখন আমাদের সিটির সরকার কীভাবে চলা উচিত সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব আপনার। আপনি যাতে এই নভেম্বরে তথ্যভিত্তিক সিদ্ধান্ত নিতে পারেন তার জন্য প্রশ্নগুলি পড়ুন।

প্রতিটি ব্যালট প্রস্তাবের জন্য গাইডটিতে রয়েছে:

- প্রশ্নটির অফিশিয়াল টেক্সট যেমনটি আপনার ব্যালটে থাকবে
- CRC দ্বারা সরবরাহ করা অফিশিয়াল সারাংশের ভিত্তিতে CFB দ্বারা প্রস্তুত করা সরল ভাষার সারাংশ
- CRC–এর গণ শুনানি, প্রেস এবং CFBতে জমা দেওয়া বিভিন্ন গোষ্ঠী এবং ব্যক্তির দ্বারা বিবৃতিগুলির ভিত্তিতে “হ্যাঁ” ভোট দেওয়ার কারণগুলি এবং “না” ভোট দেওয়ার কারণগুলি।

প্রতিটি প্রস্তাবের জন্য জনসাধারণের জমা দেওয়া সুবিধা এবং অসুবিধার বিবৃতিগুলি ও অফিশিয়াল সারাংশ পড়তে **voting.nyc** দেখুন।

এটি কেবল মাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে অনুবাদ করা হয়েছে, এবং CFB এই অনুবাদটি সম্পূর্ণ, সঠিক বা নির্ভুল ভাবে ব্যালটে প্রদর্শিত প্রস্তাবিত প্রস্তাবগুলির প্রতিফলিত করবে তা নিশ্চিত করে না।

## ব্যালট প্রস্তাব প্রশ্ন 1

# ক্যাম্পেইন ফিনান্স (প্রচারাভিযানে অর্থায়ন)

এই প্রস্তাবতি সিটি অফিসের নির্বাচনের সময়, একজন প্রার্থীর নির্বাচন কর্তৃক অনুদান গ্রহণের সীমা হ্রাস সংক্রান্ত,সিটি চাটার সংশোধন করবে।

এটি সিটির পাবলিক ফিনান্সিং কর্মসূচিতে অংশ নেওয়া কোনও প্রার্থীর প্রাপ্ত অনুদানের একটি অংশের সাথে মেলাতে ব্যবহার করা পাবলিক ফান্ডিংটিকেও বাড়াবে।

এটি ছাড়াও প্রস্তাবটি অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে, যারা অর্থের প্রয়োজনের যুক্তি প্রদর্শন করতে পারবে, তাদের জন্য নির্বাচনের বছরে আগের দিকে পাবলিক ম্যাচিং ফান্ডের ব্যবস্থা করবে। এটি মেয়র, নিয়ন্ত্রক অথবা পাবলিক অ্যাডভোকেটের নির্বাচন প্রার্থীকে ম্যাচিং ফান্ডের জন্য আবশ্যিক যে যোগ্যতামান অর্জন করতে হবে তার প্রয়োজনীয়তাগুলোকেও সহজ করে।

সংশোধনগুলি অংশগ্রহণকারী সেই প্রার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে যারা 2021-এর প্রাথমিক নির্বাচনের সময় থেকে শুরু করে তাঁদের প্রচারাভিযানগুলিতে সংশোধনগুলি কার্যকর করা বেছে নিয়েছেন এবং তারপরে এটি 2022 সালে শুরু করা সমস্ত প্রার্থীদের উপরে কার্যকর করা হবে।

এই প্রস্তাবটি কি গ্রহণ করা হবে?

### CFB সারাংশ

এই প্রস্তাবটি সিটি অফিসের নির্বাচনের প্রার্থী তার প্রচারাভিযানে কোনও অনুদানকারীর থেকে যে অর্থ নিতে পারে তা হ্রাস করবে, অংশগ্রহণকারী প্রার্থীদের জন্য পাবলিক ফান্ডের পরিমাণ বাড়াবে এবং পাবলিক ফান্ড আগের থেকে আরও সহজলভ্য করবে। 2021-এর নির্বাচনের প্রার্থীদের ক্ষেত্রে নতুন সীমাবদ্ধতাগুলি প্রযোজ্য হবে কিনা সেটি তাঁদের বেছে নেওয়ার সুযোগ থাকবে।

### "হ্যাঁ" ভোট দেওয়ার কারণগুলি

- একটি বহুল প্রচলিত ধারণা রয়েছে যে নির্বাচিত অফিশিয়ালদের বড় মাপের প্রচারাভিযানের অনুদানের পেছনে প্রদানকারীদের দুর্নীতিমূলক প্রভাব রয়েছে। প্রকৃত এবং ধারণাগত দুর্নীতি কমিয়ে সিটির সম্পদের অপব্যয় এবং অপচয় রোধ করে সিটি সরকারের উপর জনগণের আস্থা বাড়ানো যায়। এর ফলে ভোটারের নির্বাচনে অংশগ্রহণে এবং অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে জনসাধারণের অংশগ্রহণে উৎসাহ বাড়বে। প্রস্তাবটি সিটি কেন্দ্রিক নির্বাচনী অনুদান সর্বোচ্চ $5,100 (৫১০০) থেকে কমিয়ে $2,000 (২০০০) ডলারে নিয়ে আসবে যাতে করে প্রার্থীরা ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশ গ্রহণের জন্য নির্বাচিত হবে। অনুদানের সীমা হ্রাস করাটা সবচেয়ে সরাসরি উপায় যার দরুন উপস্থিত বিদ্যমান দুর্নীতি প্রত্যক্ষভাবে কমে আসবে।
- প্রস্তাবিত অনুদানের সীমা দুর্নীতির উপস্থিতি বা সুযোগ কমানোর পক্ষে যথেষ্ট পর্যাপ্ত, তবে প্রার্থীরা ভোটারদের সাথে কার্যকর ভাবে যোগাযোগ করা এবং প্রতিযোগিতামূলক প্রচারাভিযান চালনা করতে তাদের প্রয়োজনীয় ফান্ড হিসেবে পরিমানটি যথেষ্ট উচ্চ।
- নিউইয়র্ক সিটি বর্তমান অনুদানের সীমা ফেডেরাল অফিসগুলি এবং লস এঞ্জেলস, সান অ্যান্টোনিও এবং সান ফ্রান্সিসকোর মতো অন্যান্য বড় সিটিগুলির থেকে বেশি।
- নিউইয়র্ক সিটির মেয়র পদ প্রার্থীর জন্য ছোট সংখ্যার অনুদানের থেকে বড় সংখ্যার অনুদানগুলি বেশীরভাগই প্রাইভেট ফান্ডরেইজিং থেকে আসে। অনুদানের সীমা হ্রাস এবং ম্যাচিং হারের বৃদ্ধি বড় মাপের অনুদানগুলির ক্ষমতা কমাবে এবং প্রার্থীদের তহবিল সংগ্রহের জন্য ব্যয়িত সময়ের পরিমাণ উল্লেখযোগ্য ভাবে না বাড়িয়েই একটি আরও প্রশস্ত, আরও বৈচিত্র্যপূর্ণ অনুদানকারীর সেট যুক্ত করতে উৎসাহিত করবে।
- বর্ধিত পাবলিক ফান্ড ম্যাচিং মূল্যের অর্থ ছোট ছোট অনুদান দেওয়া ব্যক্তিদের রাজনৈতিক প্রক্রিয়ার উপর অনেক বড় প্রভাব রয়েছে।
- নির্বাচনের বছরের আগের দিকে আরও বেশি পাবলিক ফান্ড সহজলভ্য করা যে প্রার্থীরা কর্মসূচিটিতে যোগ দেন, তাঁদের বড় আকারের অনুদান ত্যাগ করার, ছোট অনুদান ও ম্যাচিং ফান্ডের প্রতি বেশি বিশ্বাস রাখার এবং এগুলি সত্ত্বেও প্রতিযোগিতামূলক প্রচারাভিযান করার সুযোগ দেয়। অংশগ্রহণের হারগুলি গুরুত্বপূর্ণ, কারণ যদি একটি উল্লেখযোগ্য অংশের প্রার্থীরা কেবলমাত্র স্বেচ্ছাধীন কর্মসূচি যোগ দিতে চায়, তবেই তার লক্ষ্য অর্জিত হতে পারে।
- পাবলিক ফান্ডে বর্ধিত অ্যাক্সেসের অর্থ হোল আরও বেশি শক্তিশালী প্রার্থীরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন আর শুধুমাত্র তারাই নন যাদের নিজস্ব অর্থ অথবা সম্পদশালী অনুদানকারী রয়েছে, এবং নির্বাচকদেরও বেছে নেওয়ার বেশি সুযোগ থাকে।
- যদিও এটি প্রচারাভিযানের ফিনান্সের কর্মসূচির ব্যয় বৃদ্ধি করবে, এটি তবুও সিটির বাজেটের একটি স্বল্প শতাংশের (এক শতাংশের কয়েকশ ভাগের এক ভাগ) প্রতিনিধিত্ব করবে।

### "না" ভোট দেওয়ার কারণগুলি

- একজন অনুদানকারীর যে পরিমাণ অর্থ দান করতে পারেন তা কমানোর মাধ্যমে ধনী অনুদানকারীদের সীমাহীন অনুদানের পরিবর্তে স্বাধীন ভাবে তাদের অর্থ ব্যয় করতে উৎসাহিত করবে।
- হ্রাসকৃত সীমিত অনুদানের জন্য প্রার্থীদের আরও বেশি সময় ব্যয়ের প্রয়োজন হবে ফাণ্ড রেইজিং করে একই পরিমান অর্থ সংগ্রহ করতে এবং প্রার্থীদের ধনী, স্বতন্ত্রপ্রার্থীদের সাথে প্রতিযোগিতা করা আরও বেশি কঠিন করে তুলবে।
- প্রস্তাবিত অনুদানগুলির সীমা এখনও অনেক বেশি এবং দুর্নীতিকে সীমাবদ্ধ করার পক্ষে পর্যাপ্ত নয়।
- পাবলিক ম্যাচিং যে কোনও অনুপাত বা রাশি সামান্য ক্ষমতা প্রদান করে তাঁদেরকে যাদের পক্ষে সাধারণ অনুদানের চেয়ে বেশি কিছু প্রাপ্ত সম্ভবপর নয়।
- এই কর্মসূচিটি অত্যন্ত ব্যয়বহুল। পাবলিক ফাণ্ডের প্রাপ্যতার বৃদ্ধির সাথে তার খরচেরও বৃদ্ধি হয়। সিটির ব্যয় করার জন্য আরও বেশি গুরুত্বপূর্ণ জিনিস রয়েছে।
- রাজনীতিতে দুর্নীতিপূর্ণ অর্থের প্রভাব সম্পূর্ণই হ্রাস করার জন্য, নিউ ইয়র্ক সিটির একটি সম্পূর্ণ পাবলিক ফান্ডিং অথবা ম্যাচিং ফান্ডসের কর্মসূচিটি প্রতিস্থাপন করতে ভাউচার সিস্টেম গ্রহণ করা উচিত।
- 2021-এর নির্বাচনে প্রার্থীদের বর্তমান ব্যবস্থায় নির্বাচনে প্রবেশ করার সুযোগ দিয়ে, এটি প্রস্তাবিত অনুদানের সীমা এবং ম্যাচিং রেটের ইতিবাচক প্রভাবগুলিতে বিলম্ব ঘটায়। এটি অপ্রয়োজনীয় জটিলতাও নিয়ে আসে, এতে প্রার্থীদের পক্ষে এর প্রয়োজনীয়তাগুলি অনুধাবন এবং অনুসরণ করা আরও কঠিন হয়ে যায়।
- যতক্ষণ প্রার্থীরা ব্যয়ের সীমায় না পৌঁছায়, তাদের কাছে ম্যাচিং ফান্ডের অর্থ প্রদানের উর্ধ্বসীমা বসানোর প্রয়োজন নেই। ম্যাচিং ফান্ডের সীমা আরও বেশি বাড়ানো উচিত, যা আনুমানিক সম্পূর্ণ পাবলিক ফিনান্সিং সিস্টেমের আরও কাছাকাছি হয়।
- যে প্রার্থীরা এখনও ব্যালটে উপস্থিত হওয়ার যোগ্যতামান অর্জন করেননি তাদের অসীমিত আগাম পাবলিক ফান্ড পেমেন্টের সুবিধা প্রদান করাটি একটি অপচয় এবং জালিয়াতি, তাছাড়াও যে প্রার্থীরা ব্যালটে উপস্থিত হওয়ার যোগ্যতামান অর্জন করে নি তাদেরকে পাবলিক ফান্ড সম্ভবত পরিশোধ করতে হবে।

এটি কেবল মাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে অনুবাদ করা হয়েছে, এবং CFB এই অনুবাদটি সম্পূর্ণ, সঠিক বা নির্ভুল ভাবে ব্যালটে প্রদর্শিত প্রস্তাবিত প্রস্তাবগুলির প্রতিফলিত করবে তা নিশ্চিত করে না।

## ব্যালট প্রস্তাব প্রশ্ন 2

# নাগরিক সংশ্লিষ্টতার কমিশন

এই প্রস্তাবটি সিটি চার্টারটিকে নিম্নলিখিত বিষয়ে সংশোধন করবে:

একটি নাগরিক সংশ্লিষ্টতার কমিশন তৈরি, যেটি ১লা জুলাই 2020 সিটির অর্থ বছরের আগে থেকেই শুরু করতে হবে, মেয়র কর্তৃক একটি সিটি ব্যাপী অংশগ্রহণমূলক বাজেটিং কর্মসূচি যা সিটির বাসিন্দাদের নিজস্ব কমিউনিটিগুলিতে প্রজেক্টের জন্য সুপারিশ করতে নাগরিকদের অংশগ্রহণের জন্য প্রণয়ন করা হবে;

কমিউনিটি ভিত্তিক সংগঠন এবং নাগরিক নেতা সহ, আর সিটির অন্যান্য সংস্থাগুলোর সাথেও, নাগরিক সংশ্লিষ্টতার প্রয়াসের জন্য কমিশনটির সহযোগিতার প্রয়োজন;

সিটির নির্বাচনের কেন্দ্রগুলিতে দোভাষী রাখার ব্যবস্থা করতে একটি কর্মসূচি কমিশনটির দ্বারা তৈরি করা প্রয়োজন, যা 2020-এর সাধারণ নির্বাচনে কার্যকরী হবে;

অন্যান্য নির্দিষ্ট সিটির সংস্থাগুলোকে সংশ্লিষ্ট ক্ষমতা ও দায়িত্ব, কমিশনকে প্রদান করার জন্য মেয়রের সমর্থন;

প্রদত্ত যে সিটির সংশ্লিষ্টতার কমিশনের ১৫ জন সদস্য থাকবে, মেয়র-নিযুক্ত ৮ জন সদস্য, সিটি কাউন্সিল স্পিকার কর্তৃক নিযুক্ত ২ জন সদস্য এবং বরো প্রেসিডেন্ট দ্বারা নিযুক্ত ১ জন সদস্য থাকবে; এবং

প্রদত্ত মেয়র দ্বারা নিযুক্তদের মধ্যে একজন কমিশন চেয়ার হবেন যিনি কমিশনের কর্মী নিয়োগ এবং স্টাফদের নির্দেশনা প্রদান করবেন।

এই প্রস্তাবটি কি গ্রহণ করা হবে?

### CFB সারাংশ

এই প্রস্তাবটি একটি নাগরিক সংশ্লিষ্টতার কমিশন তৈরি করবে যা নাগরিক সংশ্লিষ্টতার উদ্যোগগুলিকে কেন্দ্রীভূত করবে, একটি সিটি ভিত্তিক অংশগ্রহণমূলক বাজেটিং কর্মসূচি তৈরি করবে, কমিউনিটি বোর্ডগুলিকে সাহায্য করবে এবং নির্বাচনের দিনে সিটি জুড়ে দোভাষীর পরিষেবা সরবরাহ করবে।

### "হ্যাঁ" ভোট দেওয়ার কারণগুলি

- নাগরিক সংশ্লিষ্টতা একজন নিউইয়র্কারের জন্যএকটি অবিচ্ছেদ্য অংশ হওয়া উচিত। সরকার এবং সংশ্লিষ্টতার অন্যান্য সুযোগ সম্পর্কে কেন্দ্রীয় তথ্যের অভাব নাগরিকদের অংশগ্রহণে একটি বাধার সৃষ্টি করতে পারে, বিশেষত যারা স্বল্প সুবিধা ভোগী এবং স্বল্প প্রতিনিধিত্বমূলক গোষ্ঠী যেমন বিভিন্ন বর্ণের মানুষ, যুবা, অভিবাসী, শারীরিক অক্ষমতা থাকা ব্যক্তি এবং স্বল্প আয়ের জনগোষ্ঠী। আমাদের স্থানীয় স্তরে, বেসরকারি সংস্থা যেমন কমিউনিটি এবং ধর্ম ভিত্তিক সংস্থা এবং একাধিক ভাষায়, সাংস্কৃতিক ভাবে প্রাসঙ্গিক এবং শারীরিক প্রতিবন্ধী থাকা ব্যক্তির কাছে অ্যাক্সেসযোগ্য (যেমন ব্রেইল, অডিও এবং বড় আকারের প্রিন্টের পাশাপাশি নির্বাচন কেন্দ্রগুলিতে ASL দোভাষীর মতো সুবিধার বৃদ্ধি) সহ সংশ্লিষ্টতার প্রয়োজন।
- কমিশনটি, বিশেষজ্ঞ পরিকল্পনা, ভাষার ক্ষেত্রে সহায়তা এবং প্রযুক্তি বিষয়ক সংস্থান যা তাদের লক্ষ্য পূরণে তাদের আরও ভাল সাহায্য করবে, সেগুলিতে কমিউনিটি বোর্ডগুলিকে অ্যাক্সেস দেবে।
- প্রস্তাবিত নাগরিক সংশ্লিষ্টতার কমিশনে মেয়র এবং অ-মেয়র নিযুক্তির উপস্থিতি নিশ্চিত করে যে, কমিশনের প্রয়াস রাজনৈতিক প্রভাব থেকে মুক্ত থাকবে। নিযুক্তরা তাদের রাজনীতিতে সংশ্লিষ্টতা সম্পর্কে নিষেধাজ্ঞায় দায়বদ্ধ থাকবেন, যেটি কমিশনের নিরপেক্ষতাটি নিশ্চিত রাখবে।
- অংশগ্রহণমূলক বাজেটিং সেই সকল সিটির কাউন্সিল ডিস্ট্রিক্টগুলিতে সফল, যেগুলির এর সুযোগ গ্রহণ করেছে এবং এটি প্রসারিত ও কেন্দ্রীভূত হওয়া উচিত। সিটির কাউন্সিলের অফিসগুলির ক্ষেত্রে নিজেদেরই প্রক্রিয়াটি দেখা কঠিন এবং এতে লোকবল প্রয়োজন বেশী এবং সিটির সমস্ত জায়গার পরিবর্তে শুধু কিছু অংশে অংশগ্রহণমূলক বাজেটিং সহজলভ্য করে তোলা অনৈতিক।
- অংশগ্রহণমূলক বাজেটিং ভোটারদের ক্ষমতা প্রদান করে, শিক্ষা এবং দায়িত্বের প্রসার করে এবং সিটির জনতান্ত্রিকে আরও বেশি অন্তর্ভুক্তমূলক এবং প্রতিনিধিত্বমূলক করে তোলে। এটি অল্প বয়সী শিক্ষার্থী, অ-নাগরিক এবং বন্ধুদের মতো গোষ্ঠীগুলি, যারা নির্বাচনে অংশ নেওয়ার যোগ্য না হওয়ার কারণে সরকারের প্রক্রিয়ার বাইরে ছিল, তাদের মতামত ব্যক্ত করার সুযোগ দেয়। এটি যুবাদেরও তাঁদের মতামত ব্যক্ত করার মাধ্যমে নির্বাচনে অংশগ্রহণে অভ্যাস গড়তে দেয়।
- সকল নিউইয়র্কবাসীর প্রায় এক চতুর্থাংশ ইংরাজিতে ততটা দক্ষ নন। কিছু অঞ্চলের নির্বাচন কেন্দ্রগুলিতে নিয়মিত ভাবে ন্যূনতম সংখ্যার দোভাষী থাকে না। অতীতে ব্যালট ভুল অনূদিত হয়েছে অথবা প্রয়োজনীয় নির্দিষ্ট ভাষায় সরবরাহ করা হয়নি। এছাড়াও, অনুবাদকদের নির্বাচন কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়া হয়েছে। প্রস্তাবটি ব্যক্তয় ছাড়াই বা BOE-এর বিদ্যমান আইনি নির্দেশকে প্রভাবিত না করেই ভাষার সহায়তা প্রসারিত করে।

### "না" বে ভোট দেওয়ার কারণগুলি

- এটি একটি নতুন, অপ্রয়োজনীয় আমলাতান্ত্রিক পরিচালন ব্যবস্থা তৈরি করবে।
- নাগরিক সংশ্লিষ্টতার কমিশন স্বাধীন ও নিরপেক্ষ হওয়া উচিত যাতে নির্বাচিত অফিশিয়ালদের থেকে অনাকাঙ্খিত রাজনৈতিক প্রভাব এড়ানো যায়।
- নাগরিক সংশ্লিষ্টতা বলতে কী বোঝায় তা স্থির করা অথবা কীভাবে নাগরিক জীবনে যুক্ত হতে হয় সে সম্পর্কে সরকারের নির্দেশ না দেওয়া উচিত।
- কর্মী এবং পরামর্শদাতা যারা ভূমি ব্যবহারের প্রক্রিয়াটিতে সাহায্য করছে তাদের উপর অনির্বাচিত কমিশনের নিয়ন্ত্রণ প্রদান (যা কমিউনিটি বোর্ডগুলির সর্বাধিক গুরুত্বপূর্ণ, অভিজাত এবং সংবেদনশীল কাজ) বোর্ডের তাদের সদস্য এবং তারা যে কমিউনিটির প্রতিনিধিত্ব করে তাদের কাছে দায়বদ্ধতা এবং উত্তর দেওয়ার দায়িত্বকে দুর্বল করবে।

এটি কেবল মাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে অনুবাদ করা হয়েছে, এবং CFB এই অনুবাদটি সম্পূর্ণ, সঠিক বা নির্ভুল ভাবে ব্যালটে প্রদর্শিত প্রস্তাবিত প্রস্তাবগুলির প্রতিফলিত করবে তা নিশ্চিত করে না।

## ব্যালট প্রস্তাব প্রশ্ন 3

# কমিউনিটি বোর্ড

এই প্রস্তাবটি সিটি চার্টারটিকে নিম্নলিখিত বিষয়ে সংশোধন করবে:

কমিউনিটি বোর্ড সদস্যদের জন্য সর্বাধিক চারটি একটানা সারা বছরের দু'বছরে মেয়াদের একটি মেয়াদ সীমা বলবত যেখনে নতুন মেয়াদ সীমার ব্যবস্থায় প্রারম্ভিক স্থানান্তরণের জন্য ব্যতিক্রম থাকবে;

কমিউনিটি বোর্ডগুলিতে নিয়োগ দিতে বরো প্রেসিডেন্টের বৈচিত্র্যপূর্ণ ব্যাকগ্রাউন্ডের ব্যক্তি অনুসন্ধান করা। প্রস্তাবটি এই নিযুক্তিগুলির সাথে সম্পর্কিত নতুন অ্যাপ্লিকেশন এবং রিপোর্টিংয়ের আবশ্যিকতাগুলিকেও যোগ করবে; এবং

যদি প্রশ্ন 2. "নাগরিক সংশ্লিষ্টতার কমিশন" অনুমোদিত হয় তবে প্রস্তাবিত নাগরিক সংশ্লিষ্টতার কমিশনকেও সংস্থান, সহায়তা এবং প্রশিক্ষণ যা ভূমির ব্যবহার এবং কমিউনিটি বোর্ডগুলির সাথে সম্পর্কিত অন্যান্য বিষয় সরবরাহ করার প্রয়োজন হয়।

এই প্রস্তাবটি কি গ্রহণ করা হবে?

### CFB সারাংশ

এই প্রস্তাবটি কীভাবে কমিউনিটি বোর্ডগুলি সিটিজুড়ে চালিত হবে তা নিয়োগ হওয়া ব্যক্তির উপরে মেয়াদের সীমা বলবত করে, কমিউনিটি বোর্ড সদস্যদের জন্য অ্যাপ্লিকেশন এবং নিয়োগের প্রক্রিয়াটি পরিবর্তন করে এবং নাগরিক সংশ্লিষ্টতার কমিশনের (যদি প্রশ্ন 2 অনুমোদিত হয়) কমিউনিটি বোর্ডগুলিকে সংস্থান সরবরাহ করার প্রয়োজন হয়ে পরিবর্তন হবে।

### "হ্যাঁ" বে ভোট দেওয়ার কারণগুলি

- কমিউনিটি বোর্ডগুলি আমাদের সিটির বিবর্ধিত মূল্যবোধ অনুসারী থাকতে সময়ে সময়ে বিবর্ধিত হওয়া উচিত। মেয়াদে সীমা কমিউনিটি বোর্ডগুলিতে বৈচিত্র্যকে বাড়াবে, বরো প্রেসিডেন্টদের কমিউনিটির কাজের বোর্ডগুলিতে চিরাচরিত ভাবে যুক্ত ছিল না এমন ব্যক্তিদের নিয়োগ এবং তালিকাভুক্ত করার সুযোগ তৈরি করবে এবং কমিউনিটি বোর্ডগুলিকে নতুন নাগরিক নেতাদের পরিচালিত করার জন্য প্রশিক্ষণের প্ল্যাটফর্ম হিসাবে কাজ করবে। অন্তর্ভুক্তমূলক সিদ্ধান্ত গ্রহণ কমিউনিটি বোর্ডগুলিতে জন সাধারণের আস্থাকেও শক্তিশালী করতে এবং সম্ভাব্য আবেদকদের মধ্যে আরও আগ্রহ আনতে পারে।
- প্রস্তাবিত মেয়াদের সীমাগুলি একত্রে সমস্ত কার্যকর হওয়ার পরিবর্তে ধীরে ধীরে কার্যকর হবে, এতে প্রাতিষ্ঠানিক জ্ঞানের একসাথে অনেকটা অনুপস্থিতি এড়ানো যাবে। প্রাতিষ্ঠানিক মেমোরির যে কোনও হানি জ্ঞান সমৃদ্ধ বেতনভুক্ত কর্মী এবং প্রযুক্তি বিষয়ক সহায়তার পরিষেবা সহ অতিরিক্ত পেশাদার সংস্থান সরবরাহ করার জন্যও তৈরি হতে পারে।
- কমিউনিটি বোর্ড সদস্যরা, বিশেষত যারা নেতৃত্বের স্থানে রয়েছে তাদের বারংবার পুনরায় নিযুক্ত করা হয়, এতে অন্যান্য যারা আগ্রহী হতে পারে এবং নতুন আইডিয়া দেওয়ার থাকে তাদের ক্ষেত্রে কঠিন হয়ে পড়ে। মেয়াদ সীমাবদ্ধ করা এই সমস্যাটির প্রতি ব্যবস্থা নিতে পারে।
- বরো প্রেসিডেন্টের প্রতিটি ডিস্ট্রিক্টে জনতাত্ত্বিকের পাশাপাশি প্রতিটি কমিউনিটি বোর্ডের জনতাত্ত্বিক গঠন সম্পর্কে বার্ষিক প্রতিবেদন দেওয়ার প্রয়োজন বৈচিত্র্য এবং প্রতিনিধিত্বকে বাড়াবে। বার্ষিক প্রতিবেদন নিশ্চিত করবে যে বরো প্রেসিডেন্টরা অ্যাপয়েন্টমেন্ট করার ক্ষেত্রে সহায়ক এবং প্রাসঙ্গিক তথ্য পূর্ণ এবং নিয়োগ অথবা নির্বাচনের প্রক্রিয়াটি আরও স্বচ্ছ করে তুলবে।
- আরও কার্যকর ভাবে পরিচালনা করতে এবং কমিউনিটির প্রচার প্রসারিত করতে কমিউনিটি বোর্ডগুলির শহুরে পরিকল্পনা পরিষেবা, প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা আবশ্যক। কমিউনিটি বোর্ড সদস্যদের প্রায়ই পুনরায় যোগদানের মতো ভূমি ব্যবহার সম্পর্কিত সমস্যার পরিণামগুলি সম্পূর্ণরূপে অনুধাবনের দক্ষতা থাকে না। তারা নাগরিক পরিকল্পকদের সহায়তা থেকে সুবিধা পাবে এবং স্বার্থের দ্বন্দ্ব এড়াতে সেই পরিকল্পকদের সিটি সরবরাহ করবে।
- নাগরিক সংশ্লিষ্টতার কমিশন যদি তৈরি করা হয় তবে কমিউনিটি বোর্ড সদস্যদের তাদের কমিউনিটিতে ভূমির ব্যবহারের প্রস্তাবগুলির প্রভাব অনুধাবন এবং মূল্যায়ন করতে প্রয়োজনীয় স্বাধীন দক্ষতায় অ্যাক্সেস সহ কমিউনিটি বোর্ড সদস্যদের উপযুক্ত স্থানে নিয়োগ করা হবে। মেয়র, সিটি কাউন্সিল এবং বরো প্রেসিডেন্টদের দ্বারা কর্মে নিযুক্তি ব্যক্তিদের একটি একাধিক সদস্যের বডি হিসাবে এবং ইউনিফর্ম ল্যান্ড ইউজ রিভিউ প্রসিডিওর (ULURP)-এ রীতিমাফিক ভূমিকার অভাবে নাগরিক সংশ্লিষ্টতার কমিশনের যে কোনও ধরনের নির্দিষ্ট ভূমি ব্যবহারের প্রস্তাবের মেরিটে প্রাতিষ্ঠানিক স্বার্থ থাকবে না। কমিশনটির যোগ্যতামান থাকা ফার্ম, পেশাদার কর্মী সদস্য অথবা পরামর্শদাতা যারা যে ভূমি ব্যবহারের বিষয়ে কমিউনিটি বোর্ডকে সাহায্য করবে সে বিষয়ে তাদের কোনও স্বার্থ থাকা চলবে না। সংস্থানগুলি সমস্ত কমিউনিটি বোর্ডে অনুরোধ ক্রমে একটি নিরপেক্ষ এবং পক্ষপাতহীন উপায়ে প্রয়োগ করার এবং সেই কমিউনিটি বোর্ডগুলিকে অনুরোধ করা হলে তাঁদের এই সংস্থানগুলি সম্পর্কে প্রতিক্রিয়া জানানো আবশ্যক হবে।
- চার্টারটি বর্তমানে কমিউনিটি বোর্ড অ্যাপ্লিকেশন বা নির্বাচনের জন্য পদ্ধতির প্রতি ব্যবস্থা নেয় না তাই প্রক্রিয়াটি মান সম্মত নয় এবং এর সম্পর্কে তথ্য সহজে অ্যাক্সেসযোগ্য নয়। এর ফলে প্রক্রিয়াটি ন্যায্য বা মেরিটি ভিত্তিক তা বোঝায় না, যার ফলে এটি জনসাধারণের কমিউনিটি বোর্ডগুলির প্রতি আস্থা কমায় এবং নতুন আবেদকদের অনুতসাহিত করে। একটি ইউনিফর্ম মেরিট ভিত্তিক আবেদন এবং মূল্যায়নের ব্যবস্থা টার্নওভার এবং বৈচিত্র্যকে বাড়াবে, প্রক্রিয়াটি থেকে রাজনৈতিক প্রভাব অপসারণ করবে এবং নিয়োগের প্রক্রিয়াটি মানক হিসাবে তৈরি করবে।
- বরো প্রেসিডেন্টদের তাদের ওয়েবসাইটগুলিতে আবেদনগুলি সহজলভ্য, স্বল্প ব্যয়ের এবং কমিউনিটি বোর্ডে অংশগ্রহণে অ্যাক্সেসের বৃদ্ধি করার একটি কার্যকর উপায়।
- সংস্থানগুলিতে অপর্যাপ্ত অ্যাক্সেস কমিউনিটি বোর্ডগুলির তাদের চার্টারের আদেশ পূর্ণ করার ক্ষমতাকে ক্ষতিসাধন করেছে।
- কমিউনিটি বোর্ডগুলিতে ভাষা বিষয়ক সহায়তা সহজলভ্য করা সমস্ত নিউইয়র্কবাসীকে তাদের কমিউনিটি ডিস্ট্রিক্টগুলি সহ যেখানে ইংরাজিতে দক্ষতা যথেষ্ট নয় সেখানে আরও ভাল পরিষেবা দিতে সাহায্য করবে।

## ব্যালট প্রস্তাব প্রশ্ন 3

# কমিউনিটি বোর্ড (চলছে)

- সমস্ত মিউনিসিপ্যাল তথ্য অনলাইনে সহজলভ্য করা উচিত। কমিউনিটি বোর্ড মিটিংগুলির লাইভ-স্ট্রিম হওয়া উচিত। যদিও প্রায় সমস্ত কমিউনিটি বোর্ডের ওয়েবসাইট রয়েছে, ওয়েবসাইটগুলিতে বিবিধ বিষয়বস্তু থাকতে পারে, সেগুলি কত ঘন ঘন আপডেট হয় এবং তাদের অ্যাক্সেসযোগ্যতা (যেমন সেই ওয়েবসাইটগুলির বেশির ভাগ মোবাইল অথবা ট্যাবলেটে ব্যবহারের উপযোগী নয়)। সমস্ত কমিউনিটি বোর্ডকে তাদের ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ এবং আপডেট করার সংস্থান সাথে অন্যান্য প্রযুক্তিগত উপকরণ এবং সংস্থান দেওয়া আগ্রহী ডিস্ট্রিক্ট অধিবাসীদের অবগত এবং যুক্ত থাকার সুযোগ দেবে।

### "না" বে ভোট দেওয়ার কারণগুলি

- মেয়াদের সীমাগুলি কমিউনিটি বোর্ডগুলির প্রাতিষ্ঠানিক মেমোরি হ্রাস করে সেগুলির কার্যকারিতা হ্রাস করবে।
- কমিউনিটি বোর্ডগুলিতে ইতিমধ্যে কম কর্মী রয়েছে এবং কয়েকটিতে খুব বেশি কাজ রয়েছে। কমিউনিটি বোর্ডগুলিতে কাজ করা এবং মিটিংয়ে অংশ নিতে লোকদের রাজী করানো কঠিন, মেয়াদের সীমা আগ্রহী এবং যোগ্য নিউইয়র্কবাসীদের সেবাদানে বাধা দেবে।
- রেজোলিউশন লেখা এবং সিটি পরিচালনা কর্তৃপক্ষকে অনুধাবনের পাশাপাশি বোর্ডের সহ সদস্য এবং অন্যান্য স্বার্থজড়িত পক্ষগুলির সাথে সম্পর্ক স্থাপনের মতো কোনও কমিউনিটি বোর্ডের কাজগুলি শিখতে সময় লাগে। বিশেষত শুধুমাত্র যখন কমিউনিটি বোর্ড সদস্যরা ভূমি ব্যবহারের জটিল পদ্ধতিতে দক্ষতা অর্জন করেছে তখন তারা পর্যাপ্ত পরিমাণে প্রয়োগ বিশ্লেষণ, কার্যকর ভাবে দর কষাকষি করতে এবং তাদের কমিউনিটির জন্য ইতিবাচক পরিকল্পনা করতে পারে। ফলস্বরূপ, কমিউনিটি বোর্ড সদস্যদের তুলনীয় অভিজ্ঞতা না থেকে থাকলে ডেভেলপার এবং লবিকারীদের সাথে দর কষাকষির ক্ষেত্রে অসুবিধা হতে পারে।
- বৈচিত্র্যের উন্নতি করার তুলনামূলক ভাল উপায় হল প্রচার বাড়ানো এবং আরও সজাগ নিয়োগ এবং পুনরায় নিয়োগের প্রক্রিয়া রাখা।
- সিটির কাউন্সিল সদস্যরা এবং বরো প্রেসিডেন্টরা সদস্যদের নিয়োগ এবং পুনরায় নিয়োগের জন্য দায়বদ্ধ এবং তাদের আরও বৈচিত্র্যপূর্ণ কমিউনিটি বোর্ড তৈরি করার ভার অর্পিত থাকা উচিত।
- সর্বাধিক সংখ্যক একটানা মেয়াদে সেবা প্রদান করা সদস্যদের একটি মেয়াদ আউট অফ অফিস থাকলে আর পুনরায় নিয়োগ করা উচিত নয়। কমিউনিটি বোর্ড সদস্যরা অনির্বাচিত, রাজনৈতিক ভাবে দায়বদ্ধতাহীন এবং নির্বাচিত আধিকারিকদের থেকে এদের উপরে কম নজর থাকে। তাদের অতিরিক্ত ক্ষমতা প্রদান এবং দশ বছরেরও বেশি সময়কালের জন্য প্রভাবিত করার অনুমতি নেই। তারা বোর্ডের ননভোটিং সদস্য হিসাবে তাদের নাগরিক সংশ্লিষ্টতা চালিয়ে যেতে অথবা কমিউনিটিতে নাগরিক সংশ্লিষ্টতার অন্যান্য ধরণগুলিতে যেতে পারে।
- কমিউনিটি বোর্ডগুলির পরিকল্পনা করতে কমিউনিটি বোর্ডগুলির অ্যাক্সেসের অভাব নেই। কিছু বোর্ডের ইতিমধ্যে পারিপার্শ্বিক গোষ্ঠীগুলি দ্বারা নিযুক্ত স্বাধীন পরিকল্পক রয়েছে অথবা বরো প্রেসিডেন্ট অথবা নাগরিক পরিকল্পনা বিভাগ কর্তৃক সরবরাহ হয়।
- একটি ইউনিফর্ম অনলাইন আবেদনের প্রক্রিয়া কমিউনিটি বোর্ড যে কমিউনিটির প্রতিনিধি এবং দায়বদ্ধ তার স্বতন্ত্র পদক্ষেপকে নির্মূল করে। কিছু বরো প্রেসিডেন্টের কমিউনিটি বোর্ডগুলির জন্য পর্যাপ্ত আবেদন অনুসন্ধানে জটিলতা রয়েছে, অন্যদিকে অন্যান্যরা প্রচুর আবেদন পায়। তারা বোর্ডের ননভোটিং সদস্য হিসাবে তাদের নাগরিক সংশ্লিষ্টতা চালিয়ে যেতে অথবা কমিউনিটিতে নাগরিক সংশ্লিষ্টতার অন্যান্য ধরণগুলিতে যেতে পারে।
- অনেক অধিবাসীদের ইন্টারনেটে অ্যাক্সেস নেই এবং তারা অনলাইন আবেদন ব্যবহার করতে পারে না।
- কমিউনিটি বোর্ড সদস্যদের নির্বাচিত করার পরিবর্তে আনুপাতিক প্রতিনিধিত্ব সহ নির্বাচিত হওয়া উচিত।

দাবী অস্বীকরণ: কয়েকটি ব্যালট প্রস্তাব বর্ণিত হয়েছে, বিশেষত যারা প্রচার ফিনান্স বিভাগে রয়েছে, তাদের প্রত্যক্ষভাবে CFB-এর কাজকে প্রভাবিত করে। চার্টার পর্যালোচনা কমিশনের পূর্বে পরীক্ষিত CFB এবং এর বিবেচনা কালে কমিশনে তথ্য সরবরাহ করা। নিচে "হ্যাঁ" অথবা "না" হিসাবে ভোট দেওয়ার কারণগুলি সংস্থাগুলি এবং কমিশনের সামনে তাদের টেস্টিমনিতে ব্যক্তি সাথে CFB এবং এর প্রাথমিক কর্মী প্রতিবেদন এবং চূড়ান্ত প্রতিবেদনে কমিশন নিজেই। সরবরাহ করা তথ্য প্রতিটি প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে সমস্ত সম্ভাব্য যুক্তির প্রতিনিধিত্ব নাও করতে পারে।

## নিউ ইয়র্ক সিটির

# ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

ম্যাচিং ফাণ্ড প্রোগ্রাম নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেন ফিনান্স বোর্ড (CFB) সিটির ক্যাম্পেন ফিনান্স প্রোগ্রামটি পরিচালনা করে, এই প্রোগ্রামটি দেশের মধ্যে সবচেয়ে শক্তিশালী।

আমাদের নির্বাচনগুলোতে যখন প্রচারাভিযানে অর্থায়ন আরো ন্যায়সঙ্গত ও স্বচ্ছ হবে তখন প্রার্থী এবং নির্বাচনী এলাকার লোকজন উভয়েরই বিজয় লাভ হবে। প্রোগ্রামে যোগদানের সিদ্ধান্ত গ্রহণকারী যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই তারা যেসব নিউ ইয়র্কবাসীদের প্রতিনিধিত্ব করতে চান তাদের নিকট থেকে সামান্য কিছু ডলার অনুদান সংগ্রহ করতে হবে এবং ব্যয়ের নির্দিষ্ট কিছু সীমারেখা মেনে চলতে হবে। বিনিময়ে তারা পাবলিক ম্যাচিং ফান্ডগুলি পেতে পারেন যা তাদেরকে প্রতিযোগিতামূলক প্রচারাভিযান চালাতে সাহায্য করবে।

সামান্য কিছু ডলারের অনুদানের উপর নির্ভরশীল থাকার অর্থ হলো প্রোগ্রামের প্রার্থীরা তাদের কমিউনিটিতে অধিক সময় ব্যয় করবেন, তাদের ডিস্ট্রিক্টের বাসিন্দাদের কথা শুনবেন এবং তাদের সাথে কথা বলবেন। প্রোগ্রামটি সকল স্তরের নিউ ইয়র্কবাসীদের পক্ষে বড় কোনো অনুদান সংগ্রহ করা ছাড়াই অফিসের নির্বাচন করার সুযোগ করে দেয়।

আমাদের সিটিকে শক্তিশালী করে তোলে সরকারের মধ্যে যাতে এমন বৈচিত্র্য প্রতিফলিত হয় এবং শুধু সম্পদশালী দাতা বা বিশেষ স্বার্থান্বেষী গ্রুপের উদ্বেগগুলো গুরুত্ব না পেয়ে ভোটারদের উদ্বেগগুলো গুরুত্ব পায় তা নিশ্চিত করতেও প্রোগ্রামটি সহায়তা করে।

## NYC-এর ম্যাচিং ফাণ্ড প্রোগ্রাম বুঝা

প্রার্থীরা নিউইয়র্কবাসীদের সাথে কথা বলেন স্বল্প ডলারের অনুদান সংগ্রহ করেন



প্রার্থীরা যোগ্যতামান অর্জন করতে পর্যাপ্ত স্বল্প ডলারের অনুদান সংগ্রহ করেন








যোগ্যতামান অর্জনকারী প্রার্থীদের ছয় ডলারের পাবলিক ফান্ডের সাথে প্রতিটি ডলার মেলাতে হবে





প্রার্থীদের তাদের খরচ সীমাবদ্ধ করতে সম্মত হতে হবে



এটি কীভাবে কাজ করে সে সম্পর্কে আরও জানতে **NYCCFB.INFO/PROGRAM**-এ দেখুন।

# NYC-এর ম্যাচিং
# **ফাণ্ড প্রোগ্রামের সুবিধা**

নিউইয়র্কবাসীদের সম্পদে অ্যাক্সেস ছাড়াই স্থানীয় অফিস পরিচালনা সম্ভবপর করে তোলা

সমাজের বিভিন্ন ক্ষেত্র থেকে আসা নিউইয়র্কবাসীদের স্থানীয় নির্বাচনে অংশ নিতে সাহায্য করে পাশাপাশি আমাদের সিটিরসিটির বৈচিত্র্যটি আমাদের সরকারে প্রতিফলিত হয় তা নিশ্চিত করে

আমাদের স্থানীয় নির্বাচনগুলিতে বিশেষ স্বার্থানেষী মহলের অর্থের প্রভাবকে সীমাবদ্ধ করে যাতে প্রার্থীরা যে জনগণের সেবায় নিয়োজিত তাদের প্রতি দায়বদ্ধ থাকেন

নিউইয়র্কবাসীদের সামান্য ডলার অনুদানের মূল্যকে বৃদ্ধি করে তাদের বক্তব্যকে বাড়িয়ে তোলে

প্রকাশিতকরা ও নজরদারি প্রার্থীদেরকে তহবিলসংগ্রহ এবং ব্যয় করারজন্য দায়বদ্ধতার মাধ্যমে রাজনৈতিক প্রক্রিয়ার দুর্নীতি এবং দুর্নীতির উপস্থিতি হ্রাস করে।

# ভোটদান সম্পর্কে

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**আমি ভোটদানের জন্য নিবন্ধিত কিনা তা আমি জানি না–আমি কীভাবে জানতে পারি?**

আপনার রেজিস্ট্রেশনের অবস্থাটি অনলাইনে যাচাই করতে **voting.nyc**–এ যান, অথবা সহায়তার জন্য 866-VOTE-NYC (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496) নম্বরে কল করুন।

**আমার রেজিস্ট্রেশনটি কি মেয়াদোত্তীর্ণ হয়ে থাকতে পারে?**

আপনার নিবন্ধনের কোন মেয়াদোত্তীর্ণের তারিখ নেই। তবে, আপনি যদি সর্বশেষ দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন অথবা আপনি BOE-তে আপনার ঠিকানা হালনাগাদ না করেই অন্যত্র স্থানান্তরিত হয়ে থাকেন, তাহলে আপনার নিবন্ধনটি "নিষ্ক্রিয়" বলে বিবেচিত হতে পারে এবং আপনার নাম আপনার ভোটকেন্দ্রের ভোটার তালিকাতে তালিকাভুক্ত না–ও থাকতে পারে। তবুও আপনি এফিডেভিট ব্যালট দ্বারা ভোট দিতে পারেন।

**ভোট প্রদানের জন্য আমাকে কোথায় যেতে হবে?**

আপনি যদি এই গাইডটি মেইলের মাধ্যমে পেয়ে থাকেন, তাহলে আপনার প্রচ্ছদেই আপনার ভোটকেন্দ্রটির অবস্থান মুদ্রিত থাকবে। আপনি অনলাইনে **voting.nyc** থেকে যাচাই করতে পারেন অথবা 866-VOTE-NYC নম্বরে কল করতে পারেন।

**নির্বাচনের দিন আপনার ভোটকেন্দ্র নিশ্চিত করতে ভুলবেন না।**

**ভোট প্রদানের জন্য কি আমাকে আমার পরিচয়পত্র দেখাতে হবে?**

বেশিরভাগ ক্ষেত্রে ভোট প্রদানের জন্য আপনার পরিচয়পত্রের প্রয়োজন হয় না। তবে, আপনি যদি নতুন নিবন্ধিত বা সম্প্রতি স্থানান্তরিত হয়ে থাকেন এবং আপনার ভোটকেন্দ্রে প্রথমবারের মত ভোট দিতে যান, তাহলে আপনাকে এই নির্বাচনে ভোট প্রদানের জন্য পরিচয়পত্র দেখাতে হতে পারে।

**আমি যদি আমার সর্বশেষ ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটিতে স্থানান্তরিত হয়ে থাকি তাহলে কী হবে?**

আপনি যখন স্থান বদল করবেন তখন নিউইয়র্ক স্টেট এর আইন অনুযায়ী আপনাকে 25 দিনের মধ্যে BOE এর কাছে আপনার ঠিকানা পরিবর্তন করিয়ে নিতে হবে। একটি নতুন ভোটার রেজিস্ট্রেশন ফর্ম জমা দিয়ে এবং এই ফর্মের "ভোট প্রদানের পরিবর্তিত তথ্যাদি" লেবেলযুক্ত বক্সটি সহ অন্যান্য তথ্যাদি পূরণ করে, আপনাকে তা করতে হবে। আপনার নতুন এবং পুরাতন ঠিকানার ঘর পূরণ করুন, আপনি যে দলের জন্য তালিকাভুক্ত হতে চান সেই বক্সটিতে চেকমার্ক দিন (আপনার পুরাতন ঠিকানায় কোনো দলের জন্য তালিকাভুক্ত থাকলেও এটি করুন) এবং অনুরোধকৃত অন্য যেকোনো তথ্য প্রদান করুন। আপনি যদি স্থানান্তরিত হয়ে থাকেন কিন্তু শেষ তারিখের আগে BOE-তে ঠিকানা পরিবর্তন না করে থাকেন তাহলে আপনাকে আপনার নতুন ভোটকেন্দ্রে যেতে হবে এবং এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করতে হবে। আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া শুরু করা হয়েছে কিনা তা জানতে 866-VOTE-NYC নম্বরে কল করুন।

**ভোটার বুক-এ আমার নাম না থাকলে কী করব?**

আপনি আপনার পরিষদ এবং নির্বাচনী ডিস্ট্রিক্টের সঠিক সারণিতে সাইন ইন করছেন কিনা তা নিশ্চিত করুন। আপনি যদি এই ভোটার গাইডটি মেইলের মাধ্যমে পেয়ে থাকেন তাহলে আপনি আপনার ডিস্ট্রিক্টের সংখ্যা প্রচ্ছদে খুঁজে পাবেন। প্রত্যেক নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারের কাছে BOE কর্তৃক প্রেরিত বার্ষিক বিজ্ঞপ্তিতেও আপনি তা খুঁজে পেতে পারেন। নির্বাচন কর্মীরা আপনার নাম ও ঠিকানা খুঁজে বের করতে পারেন এবং আপনি কোন ডিস্ট্রিক্টি-এ বাস করেন সেটাও বলে দিতে পারেন।

আপনি নিবন্ধিত কিনা তা আপনি **voting.nyc**–এ গিয়েও নিশ্চিত হতে পারেন।

আপনি আপনার অ্যাসেম্বলি এবং নির্বাচনের ডিস্ট্রিক্ট নম্বর খুঁজে না পান আর বিশ্বাস ক্করেন যে, আপনি ভোট দেওয়ার যোগ্য, তবে একজন নির্বাচনী কর্মীর থেকে একটি এফিডেভিট ব্যালট চেয়ে নিন এবং নির্দেশিকা অনুসরণ করুন।

**এফিডেভিট ব্যালট কী?**

এফিডেভিট ব্যালট হল এমন একটি কাগজের ব্যালট যা আপনি ভোটার বুক-এ তালিকাভুক্ত না থাকা সত্ত্বেও আপনি ভোট প্রদানের উপযুক্ত এবং সঠিক ভোটকেন্দ্রে এসেছেন মর্মে বিশ্বাস করে থাকলে, তা চেয়ে নিতে পারেন (উদাহরণস্বরূপ, আপনি যদি আপনার ঠিকানা হালনাগাদ না করেই স্থানান্তরিত হয়ে থাকেন অথবা ভোটার বুক-এ আপনার নাম তালিকাভুক্ত হওয়ার পক্ষে আপনার ঠিকানা পরিবর্তনের বিষয়টি যথাসময়ে প্রক্রিয়াকরণ না করা হয়ে থাকে)। এই ব্যালট ও খামটি পূরণ করার জন্য নির্দেশনা অনুসরণ করুন এবং আপনার পূরণ হয়ে গেলে সেটি একজন নির্বাচন কর্মীকে দিয়ে দিন। নির্বাচনের পর, নির্বাচন বোর্ড তার রেকর্ড পরীক্ষা করবে– আপনি যদি ভোট প্রদানের উপযুক্ত হয়ে থাকেন, সঠিক ভোটকেন্দ্রে গিয়ে থাকেন এবং সঠিকভাবে ব্যালট ও খামটি পূরণ করে থাকেন, তাহলে আপনার ভোটটি গণনা করা হবে। যদি তা না হয়, তাহলে আপনি এই মর্মে একটি বিজ্ঞপ্তি পাবেন যে আপনার ভোট গণনা করা হয়নি।

আপনি যদি ভোট দেওয়ার যোগ্য না হন এবং আপনি সঠিকভাবে এফিডেভিট খামটি পূরণ করে থাকেন, তাহলে সেটিকে ভবিষ্যতের নির্বাচনের জন্য নিবন্ধীকরণ ফর্ম হিসাবে গণ্য করা হবে।

**কোনো নির্বাচন পর্যবেক্ষক আমার ভোট প্রদানের অধিকার চ্যালেঞ্জ করলে কী হবে?**

যদি কোনো নির্বাচন পর্যবেক্ষক আপনার ভোট প্রদানের অধিকারকে চ্যালেঞ্জ করে, উদাহরণস্বরূপ যদি বলেন যে, আপনি নিজেকে যে ব্যক্তি বলে দাবি করছেন আপনি আসলে সেই ব্যক্তি নন, অথবা আপনি সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এ বাস করেন না, তাহলে আপনি একজন নির্বাচন কর্মীকে আপনার ভোট প্রদানের যোগ্যতা নিশ্চিত করার জন্য শপথ গ্রহণের ব্যবস্থা করতে অনুরোধ জানাতে পারেন। আপনাকে মিথ্যা সাক্ষ্যের জন্য দন্ডের অধীনে শপথ গ্রহণ করতে হবে যে, আপনি ভোট প্রদানের উপযুক্ত এবং যোগ্য এবং কেবল তার পরেই আপনাকে একটি নিয়মিত ব্যালটের মাধ্যমে (এফিডেভিটের মাধ্যমে নয়) ভোট প্রদানের অনুমতি দেওয়া হবে।

**আমি যদি নির্বাচনের দিনে আমার ভোটকেন্দ্রে না যেতে পারি তাহলে কী হবে?**

নির্বাচনের দিনে নিউ ইয়র্ক সিটি থেকে অনুপস্থিত থাকার কারণে; অস্থায়ী বা স্থায়ী অসুস্থতা বা শারীরিক অক্ষমতা; হাসপাতালে ভর্তি; এক বা একাধিক অসুস্থ বা প্রতিবন্ধী ব্যক্তির প্রাথমিক যত্ন গ্রহণ সম্পর্কিত কর্তব্য পালন; অথবা একটি ভেটেরান্স প্রশাসনের হাসপাতাল বা কারাগারে আটক থাকা, কোনো গ্র্যান্ড জুরি কর্তৃক বিচার বা পদক্ষেপ গ্রহণের অপেক্ষায় থাকা, অথবা গুরুতর নয় এমন কোনো অপরাধের জন্য দণ্ডপ্রাপ্ত হওয়ার কারণে ভোটকেন্দ্রে যেতে না পারলে আপনি অনুপস্থিতি ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করতে পারেন।

**ডাক যোগে:** অনুপস্থিতি ব্যালটের আবেদনপত্রের জন্য অনুরোধ জানাতে 866-VOTE-NYC নম্বরে কল করুন অথবা BOE ওয়েবসাইট থেকে এটি ডাউনলোড করুন, **vote.nyc.ny.us**। আবেদনপত্রটি পূরণ করুন এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপনার BOE বরো অফিসে মেইল করুন। BOE আপনাকে একটি অনুপস্থিতি ব্যালট পাঠাবে। এটি পূরণ করুন এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপনার BOE বরো অফিসে মেইল করুন। (পৃষ্ঠা 4-তে "নির্বাচনের তারিখ ও শেষ সময়সীমা" দেখুন)।

**সশরীরে উপস্থিতি:** ব্যালট পাওয়ার সাথেসাথেই অনুপস্থিত ব্যক্তির সশরীরে ভোট প্রদান শুরু হবে (নির্বাচনের কমপক্ষে 32 দিন পূর্বে) এবং তা নির্বাচনের দিনে শেষ হবে। আপনার BOE বরো অফিসে এটি সোমবার-শুক্রবার সকাল 9:00 টা থেকে সন্ধ্যা 5:00 টা পর্যন্ত অনুষ্ঠিত হয়, নির্বাচনের দিনের কাছাকাছি দিনগুলোয় আরও বর্ধিত সময় ধরে অরো তথ্যের জন্য দেখুন **vote.nyc.ny.us** উস এবং নির্বাচনের দিনে রাত 9:00 টা পর্যন্ত এটি অনুষ্ঠিত হয়।

**অনুগ্রহ করে লক্ষ্য করুন:** যদি অনুপস্থিতি ব্যালটের জন্য মেইলের মাধ্যমে আবেদন করার মেয়াদ উত্তীর্ণ হয়ে যায় এবং আপনি যদি নির্বাচনের দিনে কোনো দুর্ঘটনার কারণে বা হঠাৎ অসুস্থতার কারণে আপনার ভোটকেন্দ্রে উপস্থিত না হতে পারেন তাহলে আপনি আপনার পক্ষ হয়ে একটি অনুপস্থিতি ব্যালট সংগ্রহের জন্য অনুমোদনের লিখিত পত্রসহ আপনার BOE বরো অফিসে একজন প্রতিনিধিকে পাঠাতে পারেন। একটি পূরণকৃত আবেদনপত্র এবং আপনার পূরণকৃত ব্যালটটি নির্বাচনের দিন রাত 9:00 টার মধ্যে আপনার BOE বারো অফিসে ফেরত দিতে হবে।

**আমি যদি গুরুতর কোনো অপরাধের কারণে আটক থাকি তাহলে কি আমি ভোট প্রদান করতে পারব?**

আপনি যদি কোনো গুরুতর অপরাধের কারণে আটক থাকেন তাহলে আপনি আপনার দণ্ড ভোগ এবং/অথবা প্যারোলের পর নিবন্ধিত হতে এবং ভোট প্রদান করতে পারবেন।

**আমি যদি কোনো অগুরুতর অপরাধে আটক থাকি তাহলে কি আমি ভোট প্রদান করতে পারব?**

আপনি যদি শুধুই অগুরুতর অপরাধের জন্য আটক হয়ে থাকেন তাহলে আপনি কারাগারে থেকেও নিবন্ধিত হতে এবং ভোট প্রদান করতে পারবেন। আপনি নিউ ইয়র্কের কোনো আদালতে, অন্য কোনো স্টেট এর আদালতে অথবা কোনো ফেডারেল আদালতে আটক হয়ে থাকলেও একই নিয়ম প্রযোজ্য হবে। আপনাকে কোন নথিপত্র প্রদান করতে হবে না।

**আমি বর্তমানে গৃহহীন, আমি কি ভোট প্রদান করতে পারব?**

হ্যাঁ, গৃহহীন মানুষ নিউ ইয়র্ক সিটিতে নিবন্ধিত হতে এবং ভোট প্রদান করতে পারবেন।

# আর কখনই নির্বাচন মিস করবেন না

সিটি নির্বাচনের সব ব্যাপারের সাথে যুক্ত থাকুন!

- ☑ আমাকে প্রার্থীদের তথ্যসহ নির্বাচন বিষয়ক অনুস্মারকগুলি পাঠান
- ☑ আমাকে NYC ভোট প্রোগ্রামগুলো সম্পর্কে নিয়মিত আপডেট পাঠান
- ☑ আমি স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে চাই

**সাইন আপ করুন**

যোগদান করতে **NYCVOTES** টেক্সট লিখে **+1 917 979 6377** নম্বরে পাঠিয়ে দিন।

আমাদের নিকট থেকে আসন্ন নির্বাচনের তারিখ ও মেয়াদোত্তীর্ণের সীমা, আপনার স্থানীয় জাতিগোষ্ঠী এবং NYC ভোট প্রোগ্রামসমূহ ও স্বেচ্ছাসেবাকর্মের সুযোগসমূহের অনুস্মারকসহ ইমেইল বা পাঠ্য বার্তা পেতে **nycvotes.nyccfb.info**-এ সাইন আপ করুন।




# আলোচনায়

## যোগ দিন

NYC দেশের সর্বশ্রেষ্ঠ সিটি, কিন্তু আমাদের সিটি কেবল তখনই শক্তিশালী হয়ে উঠবে যখন আমাদের নাগরিকরা তাদের ধারণা প্রকাশ করতে পারবেন।

সিটি নির্বাচনে হালনাগাদ থাকতে এবং আপনার বন্ধুবান্ধব ও পরিবারের সাথে নির্বাচনের খবর শেয়ার করতে আমাদেরকে অনুসরণ করুন **@nycvotes**।

## "আমি ভোট দিয়েছি" স্টিকার

ডিজাইন করেছেন MARIE DAGATA & SCOTT HEINZ

আপনার "আমি ভোট দিয়েছি" স্টিকার আপনি আপনার সিটির ভবিষ্যত সম্পর্কে সচেতন তা দেখানোর একটি চমৎকার উপায়।

আপনার #IVoted স্টিকার সেলফিগুলি নির্বাচনের দিনে শেয়ার করুন এবং আমাদেরকে **@nycvotes**-এ ট্যাগ করুন!

## NYC-এর সাথে যোগাযোগ করুন

# বোর্ড অফ ইলেকশনস (BOE)

নিউ ইয়র্ক সিটি বোর্ড অব ইলেকশন এর মাধ্যমে আপনি ভোট প্রদানের জন্য নিবন্ধিত হতে পারেন, আপনার নিবন্ধন পরিবর্তন করতে পারেন, অনুপস্থিত ব্যক্তির পক্ষে ভোট প্রদান করতে পারেন, নির্বাচনী কর্মী হওয়ার জন্য আবেদন করতে এবং আরও অনেককিছু করতে পারেন। BOE এর সাথে যোগাযোগ করুন:

| | |
|---|---|
| 1 | ভিজিট করুন **vote.nyc.ny.us** |
| 2 | 866-VOTE-NYC (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496) নম্বরে ভোটার হটলাইনকে কল করুন। |
| 3 | আপনার BOE অফিসে যান (লোকেশনগুলি সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত খোলা থাকে এবং নির্বাচনের আগের সপ্তাহান্তে রাত্রি 9টা পর্যন্ত খোলা থাকবে সময়সূচির জন্য **vote.nyc.ny.us** দেখুন) |

**সাধারণ অফিস**
32-42 Broadway
7th Floor
New York, NY 10004
(212) 487-5400

**ম্যানহ্যাটন**
200 Varick Street
10th Floor
New York, NY 10014
(212) 886-2100

**ব্রঙ্কস**
1780 Grand Concourse
5th Floor
Bronx, NY 10457
(718) 299-9017

**কুইন্স**
118-35 Queens Blvd.
11th Floor
Forest Hills, NY 11375
(718) 730-6730

**ব্রুকলিন**
345 Adams Street
4th Floor
Brooklyn, NY 11201
(718) 797-8800

**স্ট্যাটেন আইল্যান্ড**
1 Edgewater Plaza
4th Floor
Staten Island, NY 10305
(718) 876-0079